



# কন্যাশ্রী



## নারী ও শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ দপ্তর এবং উচ্চশিক্ষা দপ্তর (K-3)

### প্রকল্পটির উদ্দেশ্য

- **কন্যাশ্রী-১ (K-1)** সরকার স্বীকৃত নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে অষ্টম বা তদোর্ধ্ব শ্রেণিতে পাঠরতা এবং ১৩ থেকে ১৮ বছর সময়সীমার মধ্যে থাকা অবিবাহিতা মেয়েদের বার্ষিক ১০০০ টাকা হারে আর্থিক সাহায্য দেওয়া হয়। আবেদনকারীর জন্ম সাল ০১/০৪/২০০৬ থেকে ৩১/০৩/২০১১ মধ্যে হলে আবেদনপত্র বিবেচিত হবে।
- **কন্যাশ্রী-২ (K-2)** সরকার স্বীকৃত নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে পাঠরতা এবং আবেদন করার সময় ১৮ বছরের বেশি কিন্তু ১৯ বছরের কম বয়সী অবিবাহিতা মেয়েদের এককালীন ২৫,০০০ টাকা আর্থিক অনুদান দেওয়া হয়। আবেদনকারীর জন্ম সাল ০১/০৪/২০০৫ থেকে ৩১/০৩/২০০৬ মধ্যে হলে আবেদনপত্র বিবেচিত হবে।
- **কন্যাশ্রী-৩ (K-3)** বর্তমানে উচ্চশিক্ষা বিস্তারের উদ্দেশ্যকে মাথায় রেখে স্নাতকোত্তর স্তরে পাঠরতা মেয়েদের জন্য K-3 শুরু হয়েছে। কন্যাশ্রী প্রকল্পের বৃত্তিপ্রাপকদের বিজ্ঞান বিভাগে মাসে ২৫০০ টাকা করে এবং কলা বিভাগ /কমার্স বিভাগে পড়াশোনার জন্য মাসে ২০০০ টাকা করে অনুদান দেওয়া হয়।

### কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

কন্যাশ্রী-১ ও কন্যাশ্রী-২ প্রকল্পের জন্য পশ্চিমবঙ্গে বসবাসকারী ১৩ থেকে ১৯ বছর বয়সী যে কোনও সরকার স্বীকৃত কোনও প্রতিষ্ঠানের ছাত্রী অথচ অবিবাহিত, তিনি এই প্রকল্পের জন্য আবেদন করতে পারেন।  
কন্যাশ্রী-৩ এর জন্য এই বয়ঃসীমা প্রযোজ্য নয়।

### প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

- ১) আবেদনকারীর আধান কার্ড; ২) আবেদনকারীর জন্মের শংসাপত্রের ফটোকপি; জন্মের শংসাপত্র না থাকলে বা আবেদনকারী হোমে বসবাস করলে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের দেওয়া শংসাপত্র; ৩) আবেদনকারী ও আইনি অভিভাবকের ভোটার কার্ডের ফটোকপি; ৪) অভিভাবকের থেকে আবেদনকারীর বৈবাহিক অবস্থার ঘোষণা; ৫) অবিবাহিত হবার স্ব-ঘোষণাপত্র কন্যাশ্রী-২ প্রকল্পের জন্য ৬) আবেদনকারীর ব্যাঙ্ক পাশবইয়ের প্রথম পাতার ফটোকপি; ৭) সাদা ব্যাকগ্রাউণ্ডে রঙিন পাসপোর্ট সাইজের ফটো; ৮) আবেদনকারী যদি ১৩ বছরের বেশি বয়সের হয় কিন্তু অষ্টম শ্রেণির নিচে পাঠরতা হয় এবং তার ৪০% বা তার বেশি প্রতিবন্ধকতা থাকে তাহলে উপযুক্ত কর্তৃপক্ষের থেকে গৃহীত প্রতিবন্ধকতা শংসাপত্রের ফটোকপি। ৯) আবেদনকারী হোমে বসবাস করলে প্রতিষ্ঠান অধীক্ষক-এর দেওয়া বসবাসের শংসাপত্র

### যোগাযোগ

সর্বক্ষেত্রেই বির্দিষ্ট ফর্ম নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে পাওয়া যায়। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সাথে যোগাযোগ করতে হবে।